


# শিশুদের জন্য COVID-19 ভ্যাকসিন

## পিতামাতা ও শুশ্রুষাকারীদের জন্য প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নাবলী

### আমি কীভাবে আমার সন্তানের জন্য একটি COVID-19 ভ্যাকসিন পেতে পারি?

আপনার সন্তানের জন্য COVID-19 ভ্যাকসিন নেওয়ার কয়েকটি উপায় রয়েছে। পেডিয়াট্রিক ভ্যাকসিনেশনের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে উসাহিত করা হচ্ছে। আপনি এইভাবে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারেন:

- আপনার শিশু রোগ বিশেষজ্ঞকে ফোন করে
- 1-877-VAX-4NYC (1-877-829-4692) নম্বরে ফোন করে
- Vaccinefinder.nyc.gov-এই ঠিকানায় NYC Vaccine Finder ব্যবহার করে, যার মধ্যে রয়েছে ফার্মেসি, এলাকার স্বাস্থ্যকেন্দ্র, শহর-চালিত ভ্যাকসিনের ক্লিনিক, এবং ভ্রাম্যমান ভ্যাকসিনের ভ্যান ও বাস সমূহ
- Forms.cityofnewyork.us/f/home-এই লিংকে গিয়ে ঘরেই-ভ্যাকসিন প্রদানের অনুরোধ জানিয়ে। পেডিয়াট্রিক টিকা নেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়াকে উসাহিত করা হচ্ছে। সীমিত ওয়াক-ইন গ্রহণ করা হচ্ছে। আপনার সন্তানের ভ্যাকসিনের জন্য অনুগ্রহ করে covid19.nychealthandhospitals.org/COVIDVaxEligibility -এই ঠিকানায় একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করুন এবং শিশুদের ভ্যাকসিনের উপলব্ধতা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের কোনো একটি হাসপাতালে যোগাযোগ করুন।

কোথায় গিয়ে ভ্যাকসিন নিতে হবে সে ব্যাপারে আরও জানুন vaccinefinder.nyc.gov-এই ঠিকানায় কিংবা কল করুন 877-829-4692 নম্বরে।

### NYC Health + Hospitals 5 বছরের কম বয়সী বাচ্চাদেরকে কোন ভ্যাকসিন দেয়?

NYC Health + Hospitals 6 মাস থেকে 4 বছর বয়সী বাচ্চাদেরকে Pfizer COVID-19 ভ্যাকসিন দেয়।

### কেন আমার সন্তানকে COVID-19 ভ্যাকসিন নিতে হবে?

শিশুদের মধ্যে COVID-19 বিপজ্জনক হয়ে উঠতে পারে এবং তাদের খুবই অসুস্থ করে তুলতে পারে। খুব বেশি অসুস্থ হয়ে পড়া শিশুদের হাসপাতালের যত্নের প্রয়োজন হতে পারে বা দীর্ঘমেয়াদী স্বাস্থ্যগত সমস্যা যেমন পেশী ব্যথা বা শ্বাসকষ্ট, এমনকি মৃত্যুও হতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রে শিশুদের মধ্যে মৃত্যুর শীর্ষ 10টি কারণের মধ্যে COVID-19 অন্যতম। আপনার শিশুকে COVID-19 থেকে রক্ষা করার সর্বোত্তম উপায় হল তাদেরকে ভ্যাকসিনের আওতায় আনা।

ভ্যাকসিনটি নিরাপদ এবং 6 মাস থেকে 17 বছর বয়সী শিশুদের COVID-19 জনিত গুরুতর অসুস্থতা প্রতিরোধে অত্যন্ত কার্যকর। যেসকল শিশু ভ্যাকসিনের আওতায় আসে তাদের সংক্রমিত হওয়ার এবং COVID-19 ছড়ানোর সম্ভাবনা কম। আপনার সন্তানকে COVID-19-এর বিরুদ্ধে ভ্যাকসিন প্রদান আপনার পরিবার এবং সম্প্রদায়কে রক্ষা করতেও সাহায্য করে।

চলমান ▶

## COVID-19 ভ্যাকসিন কি ছোট শিশুদের জন্য নিরাপদ?

হ্যাঁ! Pfizer COVID-19 ভ্যাকসিনটি 6 মাস থেকে 17 বছর বয়সী হাজার হাজার শিশুদের মধ্যে পরীক্ষা করা হয়েছে, এবং এটি অত্যন্ত নিরাপদ ও কার্যকর। এইসব শিশুদের মধ্যে কারোরই গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া ছিল না।

যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration) নিবিড়ভাবে পরীক্ষণ প্রক্রিয়াটিকে পর্যবেক্ষণ করেছে। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) এবং অন্যান্য বিশেষজ্ঞরা এখনও সতর্কতার সাথে COVID-19 ভ্যাকসিন গ্রহণকারী শিশুদের কোনও নিরাপত্তা ঝুঁকি আছে কিনা খুঁজে যাচ্ছেন।

## আমার সন্তানকে সম্পূর্ণরূপে ভ্যাকসিনের আওতায় আসতে হলে কত ডোজ COVID-19 ভ্যাকসিনের প্রয়োজন হবে?

6 মাস থেকে 4 বছর বয়সী বাচ্চাদের উচি 3 ডোজ Pfizer COVID-19 ভ্যাকসিন গ্রহণ করা। প্রথম ও দ্বিতীয় ডোজকে তিন সপ্তাহের ব্যাবধানে আলাদা করা হয়েছে, এবং দ্বিতীয় ও তৃতীয় ডোজকে আট সপ্তাহের ব্যাবধানে আলাদা করা হয়েছে।

5 থেকে 11 বছর বয়সী শিশুদের তিন সপ্তাহের ব্যবধানে দুটি Pfizer COVID-19 ভ্যাকসিনের ডোজ পাওয়া উচি। দ্বিতীয় ডোজ দেওয়ার দুই সপ্তাহ পরেই আপনার সন্তানকে সম্পূর্ণরূপে ভ্যাকসিনের আওতায় এসেছে বলে বিবেচনা করা যায়। 5 বছর বা তার বেশি বয়সী ইমিউনোকম্প্রোমাইজড শিশুদের প্রাথমিক সিরিজের অংশ হিসাবে তাদের দ্বিতীয় Pfizer ডোজের (মোট তিন ডোজ এর জন্য) অন্তত 28 দিন পরে অতিরিক্ত ডোজ পাওয়া উচি।

## শিশুদের COVID-19 ভ্যাকসিন কি অন্যদের ভ্যাকসিনের মতোই?

6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য Pfizer COVID-19 ভ্যাকসিন হল 3 মাইক্রোগ্রাম, যা কিশোর এবং প্রাপ্তবয়স্কদের ডোজের এক-দশমাংশ। 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য Pfizer COVID-19 ভ্যাকসিন হল 10 মাইক্রোগ্রাম, যা কিশোর এবং প্রাপ্তবয়স্কদের ডোজের এক-তৃতীয়াংশ। গবেষকরা দেখেছেন যে এই তুলনামূলক কম ডোজের কারনে ছোট শিশুদের মধ্যে কম পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যাচ্ছিল এবং COVID-19 জনিত গুরুতর অসুস্থতা প্রতিরোধে উচ্চ ডোজের মতই কার্যকর ছিল।

## আমার সন্তানের কি COVID-19 ভ্যাকসিন হতে পার্শ্বপ্রতিক্রিয়া হবে?

6 মাস থেকে 17 বছর বয়সী শিশুদের মধ্যে Pfizer COVID-19 ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়া সাধারণত মৃদু হয়। এগুলি কিশোর এবং প্রাপ্তবয়স্কদের মধ্যে দেখা যাওয়া পার্শ্ব প্রতিক্রিয়াগুলির মতোই সচরাচর বা অস্বস্তিকর নয়। শিশুরা ভ্যাকসিন দেওয়ার সময় কিছুটা ব্যথা অনুভব করতে পারে, ঠিক অন্য যে কোনও ভ্যাকসিনের মতোই। পরবর্তীতে, তাদের বাহুতে ব্যথা হতে পারে এবং ক্লান্তি বা ব্যথা অনুভব হতে পারে, মাথাব্যথা কিংবা জ্বরও আসতে পারে। এর সবই তাদের শরীর যে COVID-19-এর বিরুদ্ধে সুরক্ষা তৈরি করছে তার লক্ষণ। পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত এক বা দুই দিন পরে চলে যায়।

## COVID-19 ভ্যাকসিন নেওয়ার পর আমার সন্তান কি কোনো স্বাস্থ্যগত সমস্যার ঝুঁকিতে পড়বে, যেমন হার্টের সমস্যা?

Pfizer COVID-19 ভ্যাকসিন দীর্ঘমেয়াদী স্বাস্থ্যগত সমস্যার সৃষ্টি করে এমন কোনো প্রমাণ নেই। 5 থেকে 11 বছর বয়সী COVID-19 ভ্যাকসিন পাওয়া শিশুদের খুব অল্প পরিমাণ হার্টের প্রদাহের ঝুঁকি থাকতে পারে, তবে 5 থেকে 11 বছর বয়সী শিশুদের ক্লিনিকাল ট্রায়ালে হার্টের প্রদাহের কোনো ঘটনা ঘটেনি। 12 থেকে 17 বছর বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে যে কয়েকটি ঘটনা দেখা গিয়েছিলো, তার বেশিরভাগই ছিল মৃদু এবং ব্যাবস্থাপত্রের ওষুধ ও বিশ্রামের মাধ্যমেই সেরে উঠে। কার্যত, আপনার শিশু COVID-19 সৃষ্টিকারী ভাইরাসে আক্রান্ত হলে দীর্ঘমেয়াদী হৃদরোগের ঝুঁকি এর চেয়েও বেশি।

## COVID-19 ভ্যাকসিন কি আমার সন্তানের প্রজনন ক্ষমতায় কোনও প্রভাব ফেলবে?

Pfizer COVID-19 ভ্যাকসিন প্রজনন সমস্যা সৃষ্টি করতে পারে এমন কোনো প্রমাণ নেই। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র এবং অন্যান্য স্বাস্থ্য বিশেষজ্ঞরা সুপারিশ করেন যে যারা সন্তান লাভ করতে চান তারা যেন ভ্যাকসিন নিয়ে নেন।

## আমার সন্তানের ইতিমধ্যেই COVID-19 ছিল এবং এখন সে ভালো আছে। আমার কি এরপরও তাদের ভ্যাকসিন দিতে হবে?

Pfizer COVID-19 ভ্যাকসিন সমস্ত যোগ্য শিশুদের জন্যই সুপারিশ করা হয়ে থাকে, তাদের COVID-19 থাকুক বা না থাকুক। গবেষণা হতে দেখা যায় যে সম্পূর্ণ ভ্যাকসিন নেওয়া ব্যক্তিরা COVID-19 থেকে সুস্থ হয়ে ওঠা ব্যক্তিদের তুলনায় বেশি সুরক্ষিত। আমরা এও জানি না যে COVID-19 থেকে সেরে উঠার পরে এটির বিরুদ্ধে সুরক্ষা কত সময় পর্যন্ত স্থায়ী হয়। আপনার সন্তানকে আবারও COVID-19 আক্রান্ত হওয়ার হাত থেকে রক্ষা করার সবচেয়ে ভালো উপায় হল ভ্যাকসিন প্রদান।

## আমার সন্তান শীঘ্রই 12 বছরে উপনীত হবে। আমি কি তাদের উচ্চ ডোজের ভ্যাকসিন প্রদানের জন্য অপেক্ষা করব?

আমরা আপনার সন্তানকেযত তাড়াতাড়ি সম্ভব ভ্যাকসিন দেওয়ার পরামর্শ দিচ্ছি।

## প্রথম ডোজ নেওয়ার সময় যদি আমার সন্তানের বয়স 4 বছর হয় এবং দ্বিতীয় ও তৃতীয় ডোজ নেওয়ার আগেই 5 বছরে উপনীত হয়, অথবা প্রথম ডোজ নেওয়ার সময় যদি আমার সন্তানের বয়স 11 বছর হয় এবং দ্বিতীয় ও তৃতীয় ডোজ নেওয়ার আগেই 12 বছরে উপনীত হয়, তাহলে তারা কি উচ্চ মাত্রার ডোজটিই পাবে?

হ্যাঁ। ভ্যাকসিনের ডোজ আপনার সন্তানের ভ্যাকসিন নেওয়ার সময় তার বয়সের উপর ভিত্তি করে দেওয়া হবে, তবে কম ডোজ বেছে নেওয়ার ক্ষেত্রে নমনীয়তা রয়েছে।

## আমার সন্তান কি ফ্লু শটের মতো অন্যান্য ভ্যাকসিনের সাথে একই সময়ে COVID-19 ভ্যাকসিনও নিতে পারবে?

হ্যাঁ। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র একই সময়ে COVID-19 ভ্যাকসিন এবং ফ্লু শট সহ—অন্যান্য ভ্যাকসিন—নেওয়ার পরামর্শ দেয়। এক ভ্যাকসিন থেকে আরেক ভ্যাকসিনের মধ্যকার কোনও বিলম্বের প্রয়োজন নেই।

চলমান ▶

## সম্পূর্ণ ভ্যাকসিন নেওয়ার পরেও কি আমার সন্তান COVID-19-এ আক্রান্ত হতে পারে?

সম্পূর্ণরূপে ভ্যাকসিন নেওয়ার পরেও যদি আপনার শিশু COVID-19 সৃষ্টিকারী ভাইরাসের সংস্পর্শে চলে আসে, তবে তার সংক্রামিত হওয়ার ক্ষীণ সম্ভাবনা রয়েছে। তবে, ভ্যাকসিনটি গুরুতর অসুস্থতা, হাসপাতালের যত্ন, দীর্ঘমেয়াদী জটিলতা এবং মৃত্যু প্রতিরোধে অত্যন্ত কার্যকর। আপনার সন্তান ভ্যাকসিনের আওতায় এলে তাদের ভাইরাস ছড়ানোর সম্ভাবনাও কম।

## আমার সন্তানের স্কুলে যাওয়ার জন্য কি COVID-19 ভ্যাকসিন নিতে হবে?

আমরা অতিশয় সুপারিশ করছি যে আপনি আপনার সন্তানকে এবং তাদের সহপাঠীদের সুস্থ রাখতে COVID-19-এর বিরুদ্ধে ভ্যাকসিন দিন। এই মুহূর্তে, সরকারি স্কুল সমূহে যাওয়ার জন্য ভ্যাকসিনের প্রয়োজন নেই। বেসরকারি স্কুল, ডে-কেয়ার এবং ক্যাম্প সমূহে এটির প্রয়োজন হতে পারে, কাজেই আপনার সরবরাহকারীর সাথে যোগাযোগ করাই উত্তম। COVID-19 ভ্যাকসিন নেওয়া আপনার সন্তানের ক্লাসরুমে থাকা, স্কুল পরবর্তী ক্রিয়াকলাপ এবং খেলাধুলায় অংশগ্রহণ করা ও বন্ধুদের সাথে একত্র হওয়াকে আরও নিরাপদ করে তুলবে।

## শিশুদের জন্য কি বুস্টার শট সুপারিশ করা হয়?

এই মুহূর্তে, 5 এবং তার বেশি বয়সী প্রত্যেককেই একটি বুস্টার শট গ্রহণ করার জন্য উসাহিত করা হচ্ছে। 5 থেকে 17 বছর বয়সী যেসব ব্যাক্তিরা পাঁচ মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer-এর বুস্টার শটের জন্যই যোগ্য। 5 থেকে 11 বছর বয়সী কিছু কিছু ইমিউনোকম্প্রোমাইজড শিশুরা তাদের দ্বিতীয় শট নেওয়ার 28 দিন পর Pfizer ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ পেতে পারে। 5 বছর বা তার বেশি বয়সী এবং ইমিউনো কমপ্রোমাইজড শিশুদের প্রাথমিক Pfizer COVID-19 টিকা সিরিজের অতিরিক্ত ডোজ (মোট চার ডোজের জন্য) পাবার কমপক্ষে তিন মাস পর একটি বুস্টার শট নেওয়া উচিত। আরও জানতে আপনার সন্তানের প্রাথমিক যত্নের চিকিসকের সাথে কথা বলুন।

## আমার সন্তানের রোগ প্রতিরোধ ব্যবস্থা দূর্বল। COVID-19 ভ্যাকসিন কি তাদের সুরক্ষা দিবে?

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের জন্য ভ্যাকসিনের সুপারিশ করে কারণ তারা Pfizer COVID-19-এ আক্রান্ত হলে তাদের অসুস্থ হওয়ার সম্ভাবনা বেশি থাকে। ভ্যাকসিন নেওয়ার পরেও, দুর্বল প্রতিরোধ ব্যাবস্থা সম্পন্ন ব্যক্তিরা ভ্যাকসিন প্রাপ্ত অন্যান্যদের তুলনায় কম সুরক্ষিত থাকে। কোনও এলাকার যত বেশি লোককে ভ্যাকসিন প্রদান করা যাবে, শিশু সহ— দুর্বল রোগ প্রতিরোধ ব্যাবস্থা সম্পন্ন ব্যক্তিরা—COVID-19 হতে তত বেশি সুরক্ষিত থাকবে। এই কারণেই যত বেশি সম্ভব নিউ ইয়র্কবাসীদের ভ্যাকসিন নেওয়া গুরুত্বপূর্ণ। 5 থেকে 11 বছর বয়সী কিছু কিছু ইমিউনোকম্প্রোমাইজড শিশুরা তাদের দ্বিতীয় শট নেওয়ার 28 দিন পর Pfizer ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ পেতে পারে।

NYC HEALTH+ HOSPITALS

Published: 6/23/2022
Bengali